দৈনিক সংবাদ

শিক্ষা ... ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 25 JUL 1988 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম 3 ...

26

048

# রাউজান কেন্দ্রের ২ হাজার এস এসসি পরীক্ষার্থীর ফলাফল অনিশ্চিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৩শে জুলাই। কুমিল্লা বোর্ডের আওতাধীন দক্ষিণ রাউজান কেন্দ্রের প্রায় দু'হাজার এস এস সি পরীক্ষার্থীর ফলাফল অনিশ্চিত রয়েছে।

গত মার্চ মাসে রাউজান উপজেলা কেন্দ্রে রাউজান কলেজে ইংরেজী দ্বিতীয় পরীক্ষা চলাকালে কুমিল্লা বোর্ডের একজন সহকারী সচিব এবং বহিরাগত দু'জন অধ্যাপক পরিদর্শনকালে কয়েকজন পরীক্ষার্থীকে নকল করতে বাধা দেন। এতে পরীক্ষার্থী ও বহিরাগত নকল সরবরাহকারীরা বিক্ষুব্ধ হয়ে ওঠে এবং আসবাবপত্র ভাঙচুর, কক্ষে ও পরীক্ষার খাতায় অগ্নিসংযোগ করে। কর্তৃপক্ষ উক্ত কেন্দ্রের পরীক্ষা স্থগিত ঘোষণা করে পরবর্তীতে পরীক্ষা শেষ হবার পর নেয়া হবে বলে জানান।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, উপকেন্দ্র থেকে মোট ১১শ খাতা জমা নেয়া হয়েছে। খাতাগুলো পরীক্ষার দিন রাতে ও পরদিন থানায় জমা দেয়া হলেও সেগুলোর ব্যাপারেও কোন সিদ্ধান্ত নেয়া হয়নি।